

চিকুনগুনিয়া বুলেটিন

সংখ্যা ২৫ তারিখঃ ২৭ জুলাই ২০১৭ বৃহস্পতিবার

- সর্বশেষ পরিস্থিতিঃ গত ৯ এপ্রিল হতে ২৭ জুলাই ২০১৭ পর্যন্ত চিকুনগুনিয়া সনাক্তের জন্য আইইডিসিআর-এ প্রাপ্ত রক্তের নমুনা পরীক্ষায় নিশ্চিত চিকুনগুনিয়ায় আক্রান্তের সংখ্যা ৮৩৬ জন।
- গত ১২ মে হতে অদ্যাবধি ঢাকা শহরের বিভিন্ন হাসপাতালে চিকিৎসা নেয়া সম্ভাব্য চিকুনগুনিয়া ও চিকুনগুনিয়া পরবর্তী আর্থ্রালজিয়া রোগীর সংখ্যা ৭,২২৭ জন।
- দেশের বিভিন্ন জেলার সিভিল সার্জন ও মেডিকেল কলেজ হাসপাতাল হতে প্রাপ্ত সম্ভাব্য রোগীর সংখ্যা প্রেরণ করা হয়। সম্ভাব্য রোগীর সংজ্ঞাঃ যদি কোন ব্যক্তি জ্বর এবং গিরায় ব্যাথা বা প্রদাহ নিয়ে চিকিৎসকের নিকট আসেন তবে তিনি সম্ভাব্য রোগী হিসাবে বিবেচিত হয়েছেন। এ সব তথ্য পাবার পরে আইইডিসিআর নিয়ন্ত্রণ কক্ষ থেকে যাচাই-বাছাই করে রোগীর সংখ্যা চূড়ান্ত করা হয়েছে।

জেলার নাম	সম্ভাব্য রোগীর মোট সংখ্যা (২৭/০৭/১৭ বিকেল ৩টা পর্যন্ত)	যাচাই-বাছাই শেষে মোট রোগীর সংখ্যা (২৭/০৭/১৭ বিকেল ৩টা পর্যন্ত)
দিনাজপুর	১	০
বগুড়া	৯	৫
জয়পুরহাট	১	০
বরিশাল	৪	০
গোপালগঞ্জ	১১	১
ঢাকা জেলা*	১৮	৫
নরসিংদী	১৮	১৩
মুন্সীগঞ্জ	২০	৭
নারায়নগঞ্জ	৭	০
গাজীপুর	৮	৩
নেত্রকোনা	৩	১
হবিগঞ্জ	৩	০
লক্ষ্মীপুর	৩	০
চট্টগ্রাম	২৩	৫
রাজশাহী	১	১
নওগাঁ	৩	০
সর্বমোট	১৩৩	৪১**

*সিটি কর্পোরেশন ব্যতীত

** এদের অনেকেই ঢাকা মহানগর ভ্রমণের ইতিহাস আছে ও এরা অধিকাংশ পোস্টচিকুনগুনিয়া আর্থ্রাইটিস এ আক্রান্ত।

- আইইডিসিআর হটলাইনে ঢাকা সহ সারা দেশ থেকে গত ৬ জুলাই থেকে ২৭ জুলাই বিকেল ৫টা পর্যন্ত সর্বমোট ফোনকল এসেছে ২,৬০৩টি। এর মধ্যে মোট সম্ভাব্য নতুন ও পুরোনো রোগী ২,০৩৪ জন। সম্ভাব্য নতুন রোগী ৮৯১ জন ও পুরোনো রোগী ১,১৪৩ জন। অবশিষ্ট ফোনকলকারীগণ তথ্য জানতে চেয়েছেন।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও মাননীয় প্রতিমন্ত্রীর চিকুনগুনিয়া কন্ট্রোল রুম পরিদর্শন



আজ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোহাম্মদ নাসিম এমপি এবং মাননীয় প্রতিমন্ত্রী জনাব জাহিদ মালেক এমপি আইইডিসিআর-এ চিকুনগুনিয়া কন্ট্রোল রুম পরিদর্শন করেন। এ সময় স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক অধ্যাপক ডাঃ আবুল কালাম আজাদ এবং আইইডিসিআর এর পরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। তাঁরা আইইডিসিআরে পরীক্ষার জন্য আগত সম্ভাব্য চিকুনগুনিয়া রোগীদের সাথে আলাপ করেন এবং রোগীদের সহায়তা প্রদান কক্ষ পরিদর্শন করেন। এছাড়া চিকুনগুনিয়া কন্ট্রোল রুমের বিভিন্ন কার্যক্রম অবলোকন করেন এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেন। আইইডিসিআর কর্তৃক বাস্তবায়নকৃত কর্মকান্ডের প্রশংসা করেন এবং এই কার্যক্রম অব্যাহতভাবে চালিয়ে যাওয়ার উপর গুরুত্ব আরোপ করেন।

ঢাকা সিটি কর্পোরেশন কর্তৃক গৃহীত কার্যক্রম

ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন ইতোমধ্যে চিকুনগুনিয়ার বাহক মশা নিধনের উপর ব্যাপক গুরুত্ব আরোপ করেছে। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রেরিত প্রতিবেদন মতে এর পাঁচটি জোন অঞ্চলে সকাল এবং বিকাল, দুই দফায় যথাক্রমে লার্ভিসাইড ও এ্যাডাল্টসাইড কিটনাশক স্প্রে করছে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন গতকাল হতে পাঁচটি অঞ্চলের নগর মাতৃসদন কেন্দ্রে বিনামূল্যে চিকুনগুনিয়া পরবর্তী আর্থ্রাইটিস এর চিকিৎসা সেবা শুরু করেছে। শীঘ্রই আরো কেন্দ্রে এই সেবা চালু করা হবে।

স্বাস্থ্য অধিদপ্তরের হটলাইন ১৬২৬৩ নম্বরে স্বাস্থ্য বাতায়নে চিকুনগুনিয়া বিষয়ে ২৪ ঘন্টা তথ্য পাবেন।